# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.04.24 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) আজ পয়লা বৈশাখ। গানে-কবিতায় বরণ করে নেওয়া হলো বাংলার ১৪৩১ সালকে।

রাজ্য সরকার এই দিনটিতে পালন করলো পশ্চিমবঙ্গ দিবস।

বিজেপি পয়লা বৈশাখ বাংলা দিবস পালনের সমালোচনা করেছে।

২) প্রথম দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে উত্তরবঙ্গে নির্বাচনী প্রচার তুঙ্গে।

আজ আলিপুরদুয়ারে জনসভা করেন প্রবীণ বিজেপি নেতা প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

চালসায় বর্ণাঢ্য শোভাযাত্রায় পা-মেলান তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩) ইডেনে আই পি এল-এর ম্যাচে লক্ষ্ণৌ সুপার জায়েন্টসকে ৮ উইকেটে হারালো কলকাতা নাইট রাইডার্স।

৪) মোহনবাগান সুপারজায়ান্ট আগামীকাল আইএসএল ফুটবলে লিগশিল্ড জয়ের লক্ষ্য নিয়ে মুম্বই সিটি এফসির মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

আজ পয়লা বৈশাখ। বাংলা নববর্ষের সূচনায় রাজ্যজুড়ে উৎসবের মেজাজ। ভোটের মরশুমে এই দিনটিকে জনসংযোগের কাজে লাগিয়েছেন সব রাজনৈতিক দলের প্রার্থীরাই।

১৪৩১ বঙ্গাব্দকে স্বাগত জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন ছিল সকাল থেকেই। দক্ষিণেশ্বর, কালীঘাট, ঠনঠনিয়া সহ বিভিন্ন কালী মন্দিরে হালখাতা নিয়ে ভীড় করেন ব্যবসায়ীরা। পুজো দিতে ভক্তদের লাইনও ছিল চোখে পড়ার মতো। দোকানে দোকানে এখন হালখাতার ভীড়।

একটি প্রতিবেদন – (ভয়েসকাস্ট – অভিজিৎ)

প্রতিবারের মতো এবারেও নববর্ষের সকালে মোহনবাগান, ইস্টবেঙ্গল সহ ময়দানের বিভিন্ন ক্লাবে সাড়ম্বরে বার পুজোর আয়োজন করা হয়। প্রাক্তন ও বর্তমান বহু ফুটবলার মাঠে উপস্থিত ছিলেন। বারপুজোকে ঘিরে ক্লাবগুলিতে ছিল উৎসব মুখর পরিবেশ।

oooooooooooooooooooooo

রাজ্যে প্রথমবার পয়লা বৈশাখে পালিত হল পশ্চিমবঙ্গ দিবস। নির্বাচনী আচরণ বিধি জারি থাকায় রাজ্যে সরকারের ওই অনুষ্ঠানে শুধু সরকারি আধিকারিকরাই হাজির ছিলেন। সূচনায় গাওয়া হয় রাজ্য সঙ্গীত, বাংলার মাটি বাংলার জল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা। তিনি বলেন, প্রত্যেক রাজ্যের নিজস্ব রাজ্য দিবস আছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী আজ বাংলায় এই দিন পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রতুল মুখোপাধ্যায়, জয় গোস্বামী, সুরজিত চট্টোপাধ্যায়, বিজয়লক্ষ্মী বর্মণ, সুবোধ সরকার, শিবাজি চট্টোপাধ্যায়, অরুন্ধতী হোম চৌধুরী, ব্রততী

বন্দ্যোপাধ্যায়, লোপামুদ্রা মিত্র, রূপঙ্কর বাগচী, শ্রীজাত, জয়তী চক্রবর্তী সহ বিশিষ্ট জনেরা ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, পয়লা বৈশাখ বাংলা দিবস পালনের সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই জন্মদিন পালনের সঙ্গে ইতিহাসের কোনো সম্পর্ক নেই। একটি রাজ্য কবে গড়ে উঠেছে তার উপর ভিত্তি করে সেই রাজ্যের জন্মদিন পালন করা হয়। আজকের দিনে পশ্চিমবঙ্গ গড়ে ওঠেনি। তাই তার কোন ঐতিহাসিক প্রেক্ষাপট নেই। বলপূর্বক জন্মদিন পালন করলেই তা জন্মদিন হয় না।

নববর্ষ উপলক্ষে সুকান্ত আজ বালুরঘাটে বুড়ি কালী মায়ের মন্দিরে পুজো দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রথম দফার ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গে নির্বাচনী প্রচার এখন তুঙ্গে। প্রবীণ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ আলিপুরদুয়ারের দলীয় প্রার্থী মনোজ টিগ্গার সমর্থনে জনসভা করেন। আবাস যোজনা সহ বিভিন্ন ক্ষেত্রে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে দুর্নীতি ও হিংসার রাজনীতির অভিযোগে সরব হন তিনি।

(বাইট – রাজনাথ)

পয়লা বৈশাখে বাংলা দিবস উপলক্ষে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ চালসায় এক বর্ণাঢ্য রোড শো করেন। ধামসা মাদল বাজাতে দেখা যায় তাঁকে।

মেটেলি ব্লকের চালসায় টিয়াবন থেকে গৌলাই পর্যন্ত যায় এই অভিনন্দন শোভাযাত্রা।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রের সমর্থনে সন্দেশখালিতে পদযাত্রা করেন। পরে এক সভায় তিনি বলেন, শাসক দলের প্রশ্রয়ে যেসব দুষ্কৃতি, সাধারণ মানুষের ওপর অত্যাচার করেছে, বিজেপি কর্মীদের খুন করেছে, তারা শাস্তি পাবেই। ভোট লুটের চেষ্টার বিরুদ্ধেও সতর্ক করে দেন তিনি।

হুগলী লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চ্যাটার্জী আজ গঙ্গাবক্ষে নৌকোয় প্রচার চালান। চুচূড়া, বাঁশবেড়িয়া হয়ে ত্রিবেণী পর্যন্ত যান তিনি।

রানাঘাটের বিজেপি প্রার্থী জগন্নাথ সরকার শান্তিপুরে গঙ্গার ঘাটে স্নান সেরে স্থানীয় মানুষজনের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও জনসংযোগ করেন।

বীরনগরে জনসংযোগে ব্যস্ত ছিলেন তৃণমূল কংগ্রেস প্রার্থী মুকুটমনি অধিকারি।

০০০০০০০০০০০০০০০০০০

বেহালা ফ্লাইং ক্লাবে তৃনমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির হেলিকপ্টারে আয়কর আধিকারিকরা আজ আচমকাই তল্লাশি চালায়। আগামীকাল এই কপ্টারেই অভিষেকের হলদিয়া যাওয়ার কথা। প্রতিটি কোনায় চলে তল্লাশি। তবে কিছুই মেলেনি বলে অভিষেকের দাবি। এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, এনআই-এর ডিজি এবং এসপিকে সরানোর বদলে নির্বাচন কমিশন ও বিজেপি, তাঁর চপার এবং নিরাপত্তাকর্মীদের তল্লাশির জন্য আয়কর দপ্তরের বশম্বদদের পাঠিয়েছে। কিন্তু কিছুই পাওয়া যায়নি। বাংলার প্রতিরোধের শক্তিকে এভাবে খর্ব করা যাবে না।

দলের নেতা কুনাল ঘোষ, এই তল্লাশির তীব্র নিন্দা করেছেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

ভোটের মুখে জলপাইগুড়িতে এক বিজেপি নেতার গাড়িতে তল্লাশি চালিয়ে নগদ ৭ লক্ষ ৭৫ হাজার টাকা উদ্ধার হয়েছে বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে। সোশ্যাল মিডিয়া পোস্টে জানানো হয়েছে, গতকাল রাত সাড়ে আটটা নাগাদ ক্রান্তি মসজিদের কাছে নাকাচেকিং-এর সময় ওই টাকা উদ্ধার হয় এবং গাড়িটি মাল বিধানসভা কেন্দ্রের বিজেপি আহ্বায়ক রাকেশ নন্দীর। টাকার কোন কাগজপত্র দেখাতে পারেননি তিনি। সূত্রের খবর, জিজ্ঞাসাবাদের সময় রাকেশ, দলীয় কর্মসূচীতে খরচ করার জন্য বিজেপি মহিলা মোর্চার এক নেত্রীর কাছ থেকে ওই টাকা নিয়েছিলেন বলে জানান। সেই নেত্রীর গাড়ি থেকেও উদ্ধার হয়েছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। এব্যাপারে বিজেপি-র জেলা নেতৃত্ব কোন মন্তব্য করতে চাননি।

ভোট বৈতরণী পেরোতে  বিজেপি টাকার খেলা শুরু করেছে বলে অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস।

০০০০০০০০০০০০০০০০০০০০

শাহরুখ খানের উপস্থিতিতে ইডেনে আই পি এল-এর ম্যাচে লক্ষ্ণৌ সুপার জায়ান্টস্-কে ৮ উইকেটে হারিয়ে দিল কলকাতা নাইট রাইডার্স। আমাদের ক্রীড়া সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অরিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপারজায়ান্ট  আইএসএল ফুটবলে লিগশিল্ড জয়ের লক্ষ্য নিয়ে আগামীকাল মুম্বই সিটি এফসির মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ২১ ম্যাচে ৪৫ পয়েন্ট

নিয়ে লিগতালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। অপরদিকে, শীর্ষস্থানে থাকা মুম্বই সিটি এফসির সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ৪৭। এই ম্যাচে জিতলেই মোহনবাগান লিগ শিল্ড খেতাব পাবে।

ম্যাচকে ঘিরে সবুজ মেরুন সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। টিকিটের চাহিদাও তুঙ্গে।

oooooooooooooooooo

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপিকা তপতী বসু প্রয়াত। গতসন্ধ্যায় কলকাতায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন তিনি। বয়স হয়েছিল ৬৮ বছর। গণজ্ঞাপণ নিয়ে গবেষণার জন্য তিনি ডিলিট সম্মান পেয়েছিলেন তিনি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রেমচাঁদ রায়চাঁদ স্কলার ডঃ বসু একসময় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের সঙ্গে বিভিন্ন সূত্রে যুক্ত ছিলেন। বিশ্ববিদ্যাল্য মঞ্জুরি কমিশন ইউজিসির সাংবাদিকতা বিষয়ক পরামর্শদাতা কমিটিরও সদস্যও ছিলেন তিনি। ছাত্রদরদী হিসেবে পরিচিত অধ্যাপিকা তপতী বসুর প্রয়াণে তাঁর অগণিত ছাত্রছাত্রী ও সহকর্মী শোকাহত।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo